

📃 ত্ব-হা | Ta-Ha | 山

আয়াতঃ ২০:৩৮

💵 আরবি মূল আয়াত:

إذ أوحَينًا إلى أُمِّكَ مَا يُوحِى ﴿٣٨﴾

🗚 অনুবাদসমূহ:

'যখন আমি তোমার মাতাকে জানিয়ে দিয়েছিলাম যা জানাবার ছিল, — আল-বায়ান যখন আমি তোমার মায়ের প্রতি ইঙ্গিত করেছিলাম যা ওয়াহীযোগে জানানো হয়েছিল- — তাইসিরুল যখন আমি তোমার মায়ের অন্তরে ইংগিত দ্বারা নির্দেশ দিয়েছিলাম যা এখানে বর্ণিত হচ্ছে — মুজিবুর রহমান When We inspired to your mother what We inspired, — Sahih International

৩৮. যখন আমরা আপনার মাকে জানিয়েছিলাম যা ছিল জানাবার,(১)

(১) বলা হয়েছে, 'জানিয়েছিলাম যা ছিল জানাবার' তবে যে শব্দ ব্যবহার করা হয়েছে। তা হলঃ وحي এ ওহী ছিল ইলহামের আকারে। [ইবন কাসীর; ফাতহুল কাদীর] অর্থাৎ আল্লাহ্ তা'আলা অন্তরে বিষয়টি জাগ্রত করে দেন এবং তাকে নিশ্চিত করে দেন যে, এটা আল্লাহর পক্ষ থেকেই। অথবা তাকে স্বপ্নে দেখিয়েছিলেন। অথবা ফিরিশতার মাধ্যমেও জানিয়ে থাকতে পারেন। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৩৮) যখন আমি তোমার মায়ের অন্তরে ইঙ্গিত দ্বারা নির্দেশ দিয়েছিলাম যা ছিল নির্দেশ দেওয়ার।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2386

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন